দৈনিক বাংলা

তারিখ ... 18 MAY 1996
পৃষ্ঠা ৮ কলাম ৬

ঢাকা ভার্সিটি অনার্স

# ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়নি ঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রথম বর্ষ ভর্তি পরীক্ষা 'খ' ইউনিটের প্রশ্নপত্র ফাঁসের গুজব উঠেছে। শুক্রবার ক্যাম্পাসে সকলের মুখে মুখে গুজবের কথা শোনা গেছে।

গতকাল শুক্রবার এই [illegible]নিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। [illegible] এই অভিযোগ ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছে।

এদিকে এই পরীক্ষা শেষে কর্তৃপক্ষের নিকট কমপক্ষে ৫০ সেট নকল প্রশ্নপত্র জমা পড়ে।

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন এইসব প্রশ্ন মিলিয়ে দেখা গেছে এগুলোর সাথে মূল প্রশ্নপত্রের কোন মিল নেই। তিনি বলেন প্রশ্নপত্র ফাঁস হয়নি। এ ব্যাপারে সন্দেহেরও কোন অবকাশ নেই।

উল্লেখ্য, গতবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ক' ইউনিটের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ উঠলে কর্তৃপক্ষ পরীক্ষা বাতিল ঘোষণা করেন। এবারে 'খ' ইউনিটের এই পরীক্ষায় প্রায় ১৬ হাজার ছাত্রছাত্রী অংশ নিয়েছেন। এই ইউনিটে সিট সংখ্যা ১৬৩।